

# জন্ম দান

# Giving birth


LIDA Norge
Sara Dorthea Johannesen
Tahmina Akter

4
বাংলা bn / English en



সেলামাভিটের বয়স ২৯ বছর। সে ইরিত্রিয়ায় তার প্রথম সন্তানের জন্ম দেয়। সে ও তার পরিবার সেখানে কঠিন সময় কাটিয়েছিল, তাই তারা ইতালি যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিল।

• • •

Selamawit is 29 years old. She gave birth to her first child in Eritrea. She and her family had a hard time there, so they decided to go to Italy.



ইঙ্গা ১৯ বছর বয়স হওয়ার আগেই বাড়ি ছেড়ে চলে যায়। সে নরওয়েতে চলে যায় এবং সেখানে তার প্রথম সন্তানের জন্ম হয়।

. . .


Inga left home just before she turned 19. She moved to Norway and had her first child there.



সেলামাভিটের গর্ভে যখন তার দ্বিতীয় সন্তান আসে, তখন সে ভেবেছিল যে অন্য কোনও দেশে সন্তান নেওয়া কেমন হবে।

• • •

When Selamawit became pregnant with her second child, she wondered what it would be like to have a child in a different country.



সেলামাভিট আর ইঙ্গা আলাদা জায়গা থেকে এসেছে। সেলামাভিট নিরাপদ বোধ করেছিল কারণ তার প্রসবের অভিজ্ঞতা ছিল। ইঙ্গা তার মায়ের সাথে সন্তান প্রসবের বিষয়ে কথা বলেছিল।

• • •

Selamawit and Inga come from different backgrounds. Selamawit felt safe because she had experience with giving birth. Inga talked to her mother about giving birth.



দুইজন মহিলাই শুনেছিলেন যে, বেশিরভাগ ইউরোপীয় দেশে গর্ভবতী মহিলাদের প্রসবপূর্ব যত্নের অধিকার রয়েছে। এর অর্থ হল তারা তাদের গর্ভাবস্থায় সহায়তা পাবেন। সেলামাভিট যে গর্ভবতী, তা বুঝতে পারার সাথে সাথেই তার ডাক্তারের সাথে যোগাযোগ করেছিল। সেলামাভিটের স্বামী তাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

• • •

Both women had heard that, in most European countries, pregnant women have the right to antenatal care. This means that they will get help during their pregnancies. Selamawit made an appointment with her doctor as soon as she realised she was pregnant. Selamawit’s husband drove her to the doctor.




ডাক্তার কিছু পরীক্ষা করেছিলেন এবং জানতে পেরেছিলেন যে সেলামাভিটের এক ধরণের ডায়াবেটিস রয়েছে, যা কিছু গর্ভবতী মহিলাদের হয়। তাকে স্বাস্থ্যকর খাবার খেতে ও ব্যায়াম করতে হয়েছিল। সেলামাভিট খুশি হয়েছিল যে, সে ও তার শিশু অসুস্থ হওয়ার আগেই ডাক্তারের কাছে গিয়েছিল।

• • •

The doctor did some tests and found out that Selamawit had a kind of diabetes that some pregnant women get. She had to eat healthy food and exercise. Selamawit was glad she went to the doctor early, before she and her baby became ill.



যখন ইঙ্গার প্রতিবেশী জানতে পারেন যে, সে একটি সন্তান নেওয়ার চেষ্টা করছে, তখন প্রতিবেশী তাকে গর্ভবতী হওয়ার সাথে সাথেই একজন ডাক্তারের সাথে দেখা করতে বলেছিলেন। এইভাবে সে নিশ্চিত করতে পেরেছিল যে, সে আর তার বাচ্চা সুস্থ আছে। ডাক্তার তাকে ফলিক অ্যাসিড গ্রহণ করতে বলেছিলেন, যা গর্ভবতী মহিলাদের জন্য গুরুত্বপূর্ণ একটি ভিটামিন।

• • •

When Inga's neighbour heard that she was trying to have a baby, the neighbour told her to see a doctor as soon as she was pregnant. That way she could make sure that she and her baby were healthy. The doctor told her to take folic acid, a vitamin that is important for pregnant women.



ইঙ্গা ও তার ডাক্তার ঠিক করে যে, সে তার গর্ভাবস্থায় নিয়মিত চেকআপের জন্য একজন মিডওয়াইফের সাথে দেখা করবে। মিডওয়াইফ তাকে খাবার ও বিশ্রামের বিষয়ে পরামর্শ দিয়েছিল এবং কীভাবে নিজেকে ও তার শিশুকে নিরাপদ ও ভাল রাখা যায়, সে সম্পর্কে তথ্য দিয়েছিল।

. . .

Inga and her doctor agreed that she would meet a midwife for regular check-ups during her pregnancy. The midwife gave her advice on food and rest, and information on how to keep herself and her baby safe and well.



দু’জনই সুস্থ সন্তানের জন্ম দিয়েছিল। সেলামাভিটের আরেকটি ছেলে ছিল, আর ইঙ্গার একটি মেয়ে ছিল। তাদের স্বামীরা খুব গর্বিত হয়েছিল এবং তারা তাদের শক্তিশালী স্ত্রী এবং সুস্থ সন্তানদের সম্পর্কে পরিচিত সবাইকে জানিয়েছিল।

. . .

Both women gave birth to healthy babies. Selamawit had another son, while Inga had a daughter. Their husbands were very proud, and they told everyone they knew about their strong wives and healthy children.

# LIDA Stories

lidastories.net

## জন্ম দান

## Giving birth

LIDA Norge
Sara Dorthea Johannesen
Tahmina Akter (bn)

CC BY